AKASHVANI KOLKATA

RNU: KOLKATA

Bengali Text Bulletin

Date 07-11-2026 **Time: 1.30 P M**

বিশেষ বিশেষ খবরঃ-

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু,জাতীয় সঙ্গীত ‘বন্দে মাতরম্’ রচনার ১৫১ বছর পূর্তি উপলক্ষে আজ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন।

২) প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামীকাল সিকিম সফরে যাচ্ছেন। আজ তিনি বাগডোগরা বিমান বন্দরে বায়ুসেনা জওয়ানদের সঙ্গে এক বৈঠকে মিলিত হন।

৩) কেন্দ্রীয় ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী, অশ্বিনী বৈষ্ণ বলেছেন, ভারত AI ক্ষেত্রে বিশ্বের অন্যতম প্রধান অ্যাপ্লিকেশন কেন্দ্র হয়ে ওঠার লক্ষে কাজ করছে।

৪) দীপাবলির প্রাক্কালে উত্তরপ্রদেশের অযোধ্যায় আজ দীপ উৎসবের আয়োজন করা হয়েছে।

৫) কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা, জাতীয় ক্যান্সার সচেতনতা দিবস উপলক্ষে এক বার্তায়, ক্যান্সার প্রতিরোধে জনসচেতনতা গড়ে তোলার উপর গুরুত্ব দিয়েছেন।

৬) CBSE-২০২৭ সালের দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার সময়সূচী প্রকাশ করেছে।

৭) ওয়েলিংটনে পুরুষদের ক্রিকেটে দ্বিতীয় একদিনের ম্যাচে নিউজিল্যান্ড ভারতের সামনে জেতার জন্য ১৩৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু,জাতীয় সঙ্গীত ‘বন্দে মাতরম্’ রচনার ১৫১ বছর পূর্তি উপলক্ষে আজ দেশবাসীকে শুভেচ্ছা জানিয়েছেন। সমাজমাধ্যমে এক বার্তায় রাষ্ট্রপতি বলেন, স্বাধীনতা সংগ্রামের সময় ‘বন্দে মাতরম্’ দেশপ্রেমিকদের কাছে সাহস, ঐক্য ও সংকল্পের মন্ত্র হয়ে উঠেছিল। আজও এই সঙ্গীত জাতীয় পরিচিতি, আত্মসম্মান এবং মাতৃভূমির প্রতি শ্রদ্ধা ও ভালোবাসার প্রতীক হিসেবে বিবেচিত হয় বলে তিনি উল্লেখ করেন। ‘বন্দে মাতরম্’-এর মধ্যে প্রতিফলিত ‘সবার আগে দেশ’—এই আদর্শকে জীবনে গ্রহণ করার জন্য দেশবাসীর প্রতি আহ্বান জানান রাষ্ট্রপতি। সেই আদর্শকে পাথেয় করে দেশকে আরও শক্তিশালী করে তোলা এবং দেশের অগ্রগতিতে অবদান রাখারও আহ্বান জানান তিনি।

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং আজ পশ্চিমবঙ্গের শিলিগুড়িতে বাগডোগরা বিমানবন্দরে বায়ুসেনা জওয়ানদের সঙ্গে বৈঠক করেন। বায়ুসেনার জওয়ানদের উদ্দেশে বক্তব্য রাখতে গিয়ে তিনি বিমানঘাটিতে মোতায়েন হওয়া জওয়ানদের সর্বদা উচ্চ পর্যায়ের প্রস্তুতি ও সতর্কতা বজায় রাখার আহ্বান জানান। তাঁর বক্তব্যে তিনি বলেন উত্তর-পূর্ব ভারতের নিরাপত্তা ব্যবস্থায় বাগডোগরা বিমানঘাঁটির কৌশলগত গুরুত্ব অপরিসীম, তাই তাঁদের প্রস্তুতি এবং দায়িত্ববোধই গোটা অঞ্চলের নিরাপত্তার শক্ত ভিত। তাঁর বক্তব্যে শ্রী সিং বাগডোগরা ও পার্শ্ববর্তী এলাকার মানুষের সঙ্গে সেনাবাহিনীর যে

আন্তরিক সম্পর্ক রয়েছে, তা আরও মজবুত করে তোলার আহ্বান জানিয়ে বলেন, স্থানীয় মানুষের সঙ্গে সেনাবাহিনীর সুসম্পর্ক বজায় থাকলে শত্রুপক্ষের ষড়যন্ত্র অনেকটাই দুর্বল হয়ে পড়ে।

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আগামীকাল সিকিম সফরে যাচ্ছেন। তিনি সিকিমের ভারত-চিন সীমান্তে মোতায়েনরত সীমান্তরক্ষী বাহিনীর জওয়ানদের সঙ্গে দেওয়ালি উদযাপন করবেন। শ্রী সিং নাথুলার কাছে সেরাথাং যুদ্ধ স্মৃতিসৌধও পরিদর্শন করবেন এবং জাতীর সেবায় যাঁরা শহীদ হয়েছেন তাঁদের প্রতি শ্রদ্ধার্ঘ্য নিবেদন করবেন। পরে তিনি সীমান্তে নিযুক্ত প্রতিরক্ষা আধিকারিকদের সঙ্গে আলোচনা করবেন।

ইলেকট্রনিক্স ও তথ্যপ্রযুক্তি মন্ত্রী অশ্বিনী বৈষ্ণ বলেছেন, ভারত কৃত্রিম বুদ্ধিমত্তা বা এআই ক্ষেত্রে বিশ্বের অন্যতম প্রধান অ্যাপ্লিকেশন কেন্দ্র হয়ে ওঠার লক্ষ্যে কাজ করছে। নতুন দিল্লিতে গতকাল তিনি বলেন, কৃষি, স্বাস্থ্য ও শিক্ষার মতো গুরুত্বপূর্ণ ক্ষেত্রে এআই-এর ব্যবহার বাড়ানোর ওপর জোর দেওয়া হচ্ছে। ভারতের শিল্প সংস্থাগুলিও এআই-ভিত্তিক অ্যাপ্লিকেশন তৈরিতে উল্লেখযোগ্য অগ্রগতি করছে। ‘সেমিকন ২.০’ ওয়েব অ্যাপ্লিকেশন পোর্টালের উদ্বোধন করে শ্রী বৈষ্ণব জানান, দেশীয় জিপিইউ চিপ তৈরির রূপরেখা চূড়ান্ত করার কাজ চলছে। পাশাপাশি, সেমিকন্ডাক্টর কর্মসূচির পরবর্তী পর্যায়েও আবেদন গ্রহণ শুরু করবে সরকার।

সুপ্রিম কোর্ট, বাধ্যতামূলক অবসর প্রদান কোনও শাস্তিমূলক ব্যবস্থা নয় বলে এক রায়ে জানিয়েছে। পাশাপাশি, এর মাধ্যমে সংশ্লিষ্ট কর্মীর বিরুদ্ধে অসদাচরণের অভিযোগও বোঝায় না বলে গতকাল এক গুরুত্বপূর্ণ পর্যবেক্ষণে উল্লেখ করেছে সুপ্রিম কোর্ট।

বিচারপতি মনমোহন এবং বিচারপতি শ্রী চন্দ্রশেখরের ডিভিশন বেঞ্চ ছত্তিশগড় সরকারের ১৪ জন কর্মীর মধ্যে পাঁচজনকে বাধ্যতামূলক অবসর দেওয়ার সিদ্ধান্ত বহাল রেখেছে।

শীর্ষ আদালত জানিয়েছে, কোনও সরকারি কর্মীকে বাধ্যতামূলক অবসর দেওয়ার সিদ্ধান্ত জনস্বার্থের কথা বিবেচনা করেই নেওয়া হয়। এক্ষেত্রে সংশ্লিষ্ট কর্মীর সামগ্রিক চাকরির রেকর্ড, কর্মদক্ষতা এবং সততা খতিয়ে দেখা হয়।

আদালত পর্যবেক্ষণে জানিয়েছে, একই ধরনের চাকরির রেকর্ড থাকা সত্ত্বেও অন্য কোনও কর্মীকে চাকরিতে বহাল রাখা হয়েছে, এই যুক্তিকে সামনে রেখে বাধ্যতামূলক অবসরের সিদ্ধান্তকে চ্যালেঞ্জ জানানো যায় না।

শীর্ষ আদালতের পর্যবেক্ষণ, অবসর সংক্রান্ত সিদ্ধান্ত যদি স্বেচ্ছাচারী হয়, তার পিছনে কোনও তথ্যপ্রমাণ না থাকে অথবা পক্ষপাতিত্বের প্রভাব থাকে, একমাত্র সেক্ষেত্রেই বিচারবিভাগীয় হস্তক্ষেপের সুযোগ রয়েছে।

জাতীয় ক্যান্সার সচেতনতা দিবস উপলক্ষে ক্যান্সার প্রতিরোধে জনসচেতনতা গড়ে তোলা, রোগের প্রাথমিক উপসর্গগুলি চিহ্নিত করা এবং সময়মতো পরীক্ষা ও চিকিৎসার উপর গুরুত্ব দিয়েছেন কেন্দ্রীয় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডা।

এক সামাজিক মাধ্যমে দেওয়া বার্তায় শ্রী নাড্ডা বলেছেন, ক্যান্সারের বিরুদ্ধে লড়াইয়ে সচেতনতা বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ।

একইসঙ্গে তিনি মুখগহ্বর, স্তন এবং জরায়ুমুখের ক্যান্সার-সহ বিভিন্ন সাধারণ ক্যান্সারের ক্ষেত্রে চিকিৎসকদের পরামর্শ অনুযায়ী নিয়মিত স্ক্রিনিং বা পরীক্ষা করানোর আবেদন জানিয়েছেন।

পাশাপাশি তামাক ও মদ্যপান বর্জন, নিয়মিত শরীরচর্চা, স্বাস্থ্যকর খাদ্যাভ্যাস গড়ে তোলা এবং অস্বাভাবিক বা দীর্ঘস্থায়ী কোনও উপসর্গ দেখা দিলে চিকিৎসকের পরামর্শ নেওয়ার জন্য তিনি সকলের প্রতি আহ্বান জানিয়েছেন।

ক্যান্সার সংক্রান্ত পরীক্ষা ও পরামর্শের জন্য নিকটবর্তী আয়ুষ্মান আরোগ্য মন্দির অথবা স্বাস্থ্যকেন্দ্রে যাওয়ার জন্যও তিনি পরামর্শ দেন।

সেন্ট্রাল বোর্ড অফ সেকেন্ডারি এডুকেশন – সিবিএসই ২০১৭ সালের দশম ও দ্বাদশ শ্রেণীর বোর্ড পরীক্ষার সময়সূচী প্রকাশ করেছে। উভয় শ্রেণীর পরীক্ষাই আগামী বছরের ১৬ ই ফেব্রুয়ারি সকাল ১০ টা ৩০ মিনিটে শুরু হবে। দশম শ্রেণীর পরীক্ষা ৯ ই মার্চ শেষ হবে এবং দ্বাদশ শ্রেণীর পরীক্ষা ৯ই এপ্রিল পর্যন্ত চলবে। বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে, দশম শ্রেণীর শিক্ষার্থীরা ৮৩ টি বিষয়ে এবং দ্বাদশ শ্রেণীর শিক্ষার্থীরা ১২১ টি বিষয়ে পরীক্ষায় অংশগ্রহণ করবে।

‘হরাইজন ইউরোপ’-এ নতুন দিল্লীর অন্তর্ভুক্তি নিয়ে ভারত ও ইউরোপীয় ইউনিয়নের মধ্যে আলোচনা সফলভাবে সম্পন্ন হয়েছে। ৯ হাজার ৩৫০ কোটি ইউরো

ব্যায়ে গৃহীত এই কর্মসূচি, ইউরোপীয় ইউনিয়নের গবেষণা ও উদ্ভাবন সংক্রান্ত অন্যতম প্রধান প্রকল্প।

এই চুক্তির অধীনে ভারতীয় গবেষক, ব্যবসায়িক সংস্থা এবং গবেষণা প্রতিষ্ঠানগুলি 'হরাইজন ইউরোপ' প্রকল্প থেকে সরাসরি আর্থিক সহায়তা পাওয়ার যোগ্য বলে বিবেচিত হবে। পাশাপাশি, বিশ্বব্যাপী বিভিন্ন চ্যালেঞ্জ মোকাবিলা এবং ইউরোপীয় শিল্পক্ষেত্রের প্রতিযোগিতামূলক দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে আন্তর্জাতিক সহযোগিতামূলক গবেষণা প্রকল্পের নেতৃত্বও দিতে পারবেন তাঁরা।

উল্লেখ্য, দু'পক্ষের স্বাক্ষর ও অনুমোদনের পর আগামী বছরের জানুয়ারি মাসে এই চুক্তি কার্যকর হওয়ার কথা।

কেন্দ্রীয় মন্ত্রী কিরেন রিজিজু, সৌদি আরবের জেড্ডায়, ঐতিহাসিক আল-রাহমাহ মসজিদ পরিদর্শন করেছেন। ভাসমান জনপ্রিয় এই মসজিদটিকে তিনি আধ্যাত্মিক গুরুত্ব, স্থাপত্য, সৌন্দর্য এবং সমৃদ্ধ ইসলামিক ঐতিহ্যের এক উল্লেখযোগ্য প্রতীক বলে বর্ণনা করেন।

উল্লেখ্য, ষষ্ঠ হজ সম্মেলন ও প্রদর্শনী ২০২৭-এ যোগ দিতে তিনি গতকাল জেড্ডায় যান। সৌদি আরবের সঙ্গে দ্বিপাক্ষিক হৃদ চুক্তিও সাক্ষর হওয়ার কথা। ২০২৭ সালে, ভারতীয় হজ যাত্রীদের নিরাপদ, সুষ্ঠু হজ যাত্রা নিশ্চিত করতে, শ্রী রিজিজু প্রস্তুতি পর্যালোচনাও করবেন।

সংযুক্ত আরব আমিরশাহির অর্থ ও পর্যটন মন্ত্রী আব্দুল্লা বিন তৌক আল মারি, দুবাই ফিটনেস চ্যালেঞ্জের অংশ হিসেবে আয়োজিত ৫ কিলোমিটারের এক কমিউনিটি দৌড়ে নেতৃত্ব দেন। দুবাইয়ে, ভারতের কনস্যুলেট জেনারেল এবং আমিরশাহির অর্থ ও পর্যটন মন্ত্রকের যৌথ উদ্যোগে , গতকাল এই দৌড় অনুষ্ঠিত হয়। ২০১৭ সালে, শুরু হওয়া, বার্ষিক দুবাই ফিটনেস চ্যালেঞ্জের মাধ্যমে, ভারত ও সংযুক্ত আরব আমিরশাহির মধ্যে যোগাযোগ আরও সুদৃঢ় করে চলেছে।

নিউজিল্যান্ডের সাধারণ নির্বাচনের চূড়ান্ত দিনে আজ ভোট গ্রহণ চলেছে। ভারতীয় সময় রাত দেড়টায় শুরু হয়েছে ভোট গ্রহণ, চলে সকাল সাড়ে ১১ টা পর্যন্ত। আজই রাতের মধ্যে ফলাফল জানা যাবে বলে আশা করা হচ্ছে। ২৬ শে অক্টোবর এই ভোট গ্রহণ শুরু হয়।

ওয়েলিংটনে পুরুষদের ক্রিকেটে দ্বিতীয় একদিনের ম্যাচে নিউজিল্যান্ড ভারতের সামনে জেতার জন্য ১৩৫ রানের লক্ষ্যমাত্রা রেখেছে।
